বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

দৈনিক সংবাদ

০৭

তারিখ ... 03 JUL 1989 ...
পৃষ্ঠা ... 7 কলাম ... 5 ...



ইউকসু'র অভিষেক অনুষ্ঠানে শপথ গ্রহণ।

# ইউকসু'র অভিষেক অনুষ্ঠিত

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ 'ইউকসু'র' অভিষেক গত শনিবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির ভাষণে তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের প্রাক্তন সুপার নিউমেরারী প্রফেসর ডঃ আ, মু, জহুরুল হক বলেন, তরুণ সমাজ যদি দেশের উন্নয়নে তাদের মেধা ও জ্ঞানকে যথাযথভাবে কাজে লাগায়, তবেই দেশ ও জনগণের সার্বিক মুক্তি আসবে। তিনি ছাত্রছাত্রীদেরকে দেশের স্বাধীনতাকে অর্থবহ করে তোলার জন্য মুক্তিযুদ্ধের চেতনা ও আদর্শে বিশ্বস্ত থাকার প্রতি গুরুত্বারোপ করেন।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এবং ইউকসু'র সভাপতি অধ্যাপক ডঃ মোশাররফ হোসেন খান তাঁর বক্তৃতায় বিশ্ববিদ্যালয়ের সম্মান ও ঐতিহ্য বজায় রাখার জন্য ইউকসু নেতৃবৃন্দ এবং সাধারণ ছাত্রছাত্রীদের প্রতি আহ্বান জানান। তিনি নবনির্বাচিত কেন্দ্রীয় ছাত্র সংসদ নেতৃবৃন্দের শপথ গ্রহণ অনুষ্ঠানও পরিচালনা করেন। অনুষ্ঠানে আরো বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র-কল্যাণ পরিচালক এবং ইউকসু'র উপদেষ্টা অধ্যাপক ডঃ আ, ফ, ম আনওয়ারুল হক, সহ-সভাপতি ইকবাল কবির সাগর এবং সাধারণ সম্পাদক আবদুস সবুর। অনুষ্ঠানের সার্বিক পরিচালনায় ছিলেন যুগ্ম সম্পাদক রাফেল কবির। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

## বাজেট অনুমোদন

১৯৮৯-৯০ অর্থবছরের জন্য প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ৯ কোটি ৭১ লাখ টাকার মূল রাজস্ব বাজেট বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেট কর্তৃক অনুমোদিত হয়েছে। সিণ্ডিকেটে ১৯৮৮-৮৯ অর্থবছরে ৯ কোটি ৫০ লাখ টাকার সংশোধিত বাজেটও অনুমোদিত হয়।

গত ২৬শে জুন অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় ফাইন্যান্স কমিটির সুপারিশক্রমে ২৮শে জুন সিণ্ডিকেটের অধিবেশনে উক্ত বাজেট-অনুমোদিত হয়। ৯'৭১ কোটি টাকার রাজস্ব বাজেটে বেতন-ভাতাদি খাতে ৫'০০ কোটি এবং কন্টিজেন্সী খাতে ৪'৭১ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। বিগত অর্থবছরের তুলনায় বর্তমান বছরে প্রবৃদ্ধির হার বেতনভাতাদি খাতে শতকরা ৩'০৯ ভাগ এবং কন্টিজেন্সী খাতে শতকরা ১'০৯ ভাগ। উপাচার্য অধ্যাপক ডঃ মোশাররফ হোসেন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত ফাইন্যান্স কমিটির অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত কন্ট্রোলার এ, এস, এম আশরাফুল হক বাজেট উপস্থাপন করেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।